

১০২২
১৩/১০/২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং : জাতীয়বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/৫৮৩১

তারিখ : ১৪/১০/২০২৪

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড, মুদ্রণ ও বিতরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষা Examination Management System (EMS) Software এর মাধ্যমে আগামী ২১/১০/২০২৪ তারিখে থেকে শুরু হবে। উক্ত পরীক্ষার প্রবেশপত্রে পরীক্ষা নিয়ন্ত্রকের ডিজিটাল স্বাক্ষরসহ ১৪/১০/২০২৪ তারিখ দুপুর ০৩:০০টায় প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকল কলেজ কর্তৃপক্ষকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট নিয়ে প্রবেশপত্রের নির্ধারিত স্থানে অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর প্রদান করে পরীক্ষার্থীদের নিকট বিতরণ করতে হবে। প্রবেশপত্র বিতরণের সময় অবশ্যই প্রবেশপত্রের ছবির সাথে পরীক্ষার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে এবং রেজিঃ ও রোল নম্বর সঠিক আছে কি-না যাচাই করে প্রবেশপত্র বিতরণের ব্যবস্থা নিতে হবে।

উল্লেখ্য যে, কোন বৈধ পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়া না গেলে বা প্রবেশপত্রে কোন প্রকার ভুল-ত্রুটি দৃষ্টিগোচর হয় তাহলে ১৭/১০/২০২৪ তারিখের মধ্যে অধ্যক্ষের সুপারিশ নিয়ে পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করতে হবে।

বি.দ্রঃ রোল বিবরণী ও হাজিরা শীট Examination Management System (EMS)-এর কলেজ প্যানেল থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি নির্ধারিত কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করার লিংকঃ

১. যে কোন ব্রাউজারের এড্রেসবারে <http://ems.nu.ac.bd/> টাইপ করে Examination Management System (EMS) সফটওয়্যারে প্রবেশ করতে হবে।
২. হোম পেইজের “College login (Admin)” মেনুতে ক্লিক করে কলেজ কোড (xxxx) এবং পাসওয়ার্ড (xxxxxx) লিখে প্রবেশ করতে হবে।
৩. কলেজ প্যানেলের বাম পাশের মেনুবার থেকে “Admit Card” মেনুতে ক্লিক করে “Select Exam” এ পরীক্ষার নাম বা কোড (2201 - Bachelor Degree Honours Part-1) লিখে “Search” বাটনে ক্লিক করলে “Admit Card By Subject” টেবিলে প্রবেশপত্র, হাজিরা শীট, রোল বিবরণী শীট পাওয়া যাবে। ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

প্রবেশপত্র ডাউনলোড করতে সমস্যা হলে নিম্নোক্ত ব্যক্তিদের সাথে যোগাযোগ করতে হবেঃ-

১. মোঃ মেহেদী হাসান ০১৬৭৬-২২৭০১৯
২. মোক্তাদিরুল ইসলাম রাজু ০১৬০৯-৬০৫৪৯৪
৩. মোঃ ইব্রাহীম খন্দকার ০১৭১০-৬৫৯০৬৮



পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোনঃ ০১৭১৩-০৪৪৪৫৫

ই-মেইল: controller@nu.ac.bd

